

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৬৬

পর্ব - ৮ঃ বিবাহ (চার্টা)

পরিচ্ছেদঃ ৬. খোলা তালাকের বিবরণ

আরবী

وَلِأَبِي دَاوُدَ, وَالتِّرْمِذِيِّ وَحَسَّنَهُ: «أَنَّ امْرَأَةَ تَابِتِ بْنِ قَيْسٍ اخْتَلَعَتْ مِنْهُ, فَجَعَلَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ عِدَّتَهَا حَيْضَةً

حسن. رواه أبو داود (2229)، والترمذي (1185)، وقال الترمذي: هذا حديث حسن غريب

বাংলা

১০৬৬। আবূ দাউদও তিরমিয়ী-যা তিনি হাসান বলেছেন- এতে আছে যে, অবশ্য সাবিত বিন কায়েসের স্ত্রী সাবিতের নিকট থেকে খোলা তালাক গ্রহণ করেছিলেন। ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাত্র এক হায়িয তাঁর ইদ্দতের ব্যবস্থা করেছিলেন।[1]

ফুটনোট

[1] তিরমিযী ১১৮৫, নাসায়ী ৩৪৯৮, ২০৫৮।

ইবনু উসাইমীন বুলুগুল মারামের শরাহ ৫/৪ গ্রন্থে বলেন, এর সানাদ নিয়ে আলিমগণের মধ্যে মতানৈক্য বিদ্যমান যে, এটি মুরসাল নাকি মুন্তাসিল, আর এর অর্থগত দিক দিয়েও এটি মুনকার। শাইখ আলবানী যঈফ আবূ দাউদ২১৭৮, ইরওয়াউল গালীল ২০৪০, সিলসিলা সহীহাহ ৫/১৮ গ্রন্থত্তায়ে একে দুর্বল বলেছেন, ইমাম শাওকানী নাইলুল আওত্বার ৭/২ গ্রন্থে বলেন, এর সানাদে ইয়াহইয়া বিন সুলাইম রয়েছে যাকে নিয়ে বির্তক রয়েছে। আর মুরসাল হিসেবে বর্ণিত হাদীসের সানাদে উবাইদুল্লাহ ইবনুল ওয়ালীদ আল ওয়াসাফী নামক দুর্বল বর্ণনাকারী রয়েছে। অপরপক্ষে ইমাম সুয়ুত্বী আল জামেউস সগীর ৫৩ গ্রন্থে, বিন বায মাজমুআ ফাতাওয়া ২৫/২৫৩ গ্রন্থে



একে সহীহ বলেছেন। বিন বায বুলুগুল মারামের হাশিয়া ৬১২ গ্রন্থে বলেনঃ এর সানাদ উত্তম ও শক্তিশালী, কোন সানাদে এটি মুরসাল হিসেবে বর্ণিত হলেও সঠিক কথা হলো, এটি মুক্তাসিল।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন